সংরক্ষিত নারী আসনপ্রথা বাতিলের সময় এসেছে: স্পিকার



স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের ব্যবস্থা তুলে দেওয়ার পক্ষে মত দিয়েছেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। তাঁর প্রস্তাব, সংরক্ষিত আসনের পরিবর্তে সরাসরি নির্বাচনে মোট আসনের এক-তৃতীয়াংশে নারী প্রার্থী মনোনয়ন দেওয়া উচিত।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) দুপুরে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর পক্ষে সর্বদলীয় সংসদীয় ককাস আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। কমিটি গঠনের পর সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর প্রতিনিধিদের সঙ্গে এটিই ছিল ককাসের প্রথম আনুষ্ঠানিক মতবিনিময়।

স্পিকার বলেন, দেশের নারীরা এখন নিজ যোগ্যতায় এগিয়ে যাচ্ছেন। তাই সংসদে সংরক্ষিত নারী আসনপ্রথা চালু রাখার প্রয়োজনীয়তা নিয়ে নতুন করে ভাবার সময় এসেছে। এ ক্ষেত্রে প্রতিটি রাজনৈতিক দলকে সরাসরি নির্বাচনে এক-তৃতীয়াংশ আসনে নারী প্রার্থী দেওয়ার পরামর্শ দেন তিনি।

দেশের বর্তমান পরিস্থিতির জন্য রাজনীতিবিদদের দায়ী করে হাফিজ উদ্দিন আহমদ বলেন, রাজনীতিবিদরা নিজেদের সংশোধন করতে পারলে দেশের অবস্থারও পরিবর্তন সম্ভব। দলীয় রাজনীতির মাধ্যমে ব্যক্তিগত সুবিধা নেওয়ার চিন্তায় ব্যস্ত থাকায় সুবিধাবঞ্চিত মানুষের কথা অনেক সময় উপেক্ষিত হয়।

বিগত তিনটি জাতীয় নির্বাচনকে ‘প্রহসনের নির্বাচন’ উল্লেখ করে স্পিকার বলেন, এবারের জাতীয় নির্বাচন দেশের ইতিহাসে সবচেয়ে সুষ্ঠু ও গ্রহণযোগ্য হয়েছে।